

রাজধানীতে রিজভীর নেতৃত্বে বিএনপির বিক্ষোভ

বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মুক্তি এবং একাদশ জাতীয় সংসদ নির্বাচন বাতিলের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে দলটি। মিছিলে নেতৃত্ব দেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

শুক্রবার (১১ জানুয়ারি) বেলা ১১টার দিকে রাজধানীর দৈনিক বাংলা মোড়ে এ বিক্ষোভ মিছিল করা হয়।

দলটির সহদফতর সম্পাদক মুহম্মদ মুনির হোসেন স্বাক্ষরিত এ প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে।

মিছিলটি রাজধানী ঢাকার দৈনিক বাংলা মোড় থেকে আরম্ভ হয়ে ফকিরাপুলে গিয়ে শেষ হয়।

বিক্ষোভ মিছিলে ছাত্রদল, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের বিপুলসংখ্যক নেতাকর্মী অংশ নেন বলে প্রেস বিজ্ঞপ্তিতে দাবি করা হয়।

এ সময় তারা দলের চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও একাদশ জাতীয় সংসদ নির্বাচন বাতিলের দাবিতে বিভিন্ন স্লোগান দেন।